উপজেলা পরিষদ

মেলান্দহ, জামালপুর

সেপ্টেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এস.এম. আলমগীর
প্রশাসক, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ : ৩০/০৯/২০২৪ খ্রি:

সময় : দুপুর ১১.০০ ঘটিকা।

উপস্থিতি/ অনুপস্থিত : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করা হয়। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি/সংশোধন/বিয়োজন না থাকায়, সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা সভায় জানান, হাসপাতালের সকল বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। আগামী ২১/১০/২০২৪ তারিখ হতে ২৪/১১/২০২৪ পর্যন্ত ৫ম হতে ৯ম শ্রেণি পর্যন্ত ১০ হতে ১৪ বছর বয়সী সকল মেয়েদের কে HPV- (Human Papiloma Vaccine) প্রদান করা হবে। এই ভ্যাকসিন জন্য অনলাইন জন্মনিবন্ধন প্রয়োজন হবে। এ ব্যাপারে সকল চেয়ারম্যাদের সহযোগিতা প্রয়োজন। এছাড়া হাসপাতালে দালাল চক্রের ব্যাপারে কর্তৃপক্ষ সচেতন রয়েছে। | আলোচনান্তে, HPV- (Human Papiloma Vaccine) প্রদান করার ক্ষেত্রে সকল বিদ্যালয়ের শিক্ষক ও ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা |
| ২ | পরিবার পরিকল্পনা | উপজেলা প:প কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, আগামি ১৯/১০/২০২৪ হতে ২৪ /১০/২০২৪ তারিখ পর্যন্ত বিশেষ সেবা সপ্তাহ পালিত হবে। সেবা সপ্তাহে পুরুষ ও মহিলাদের স্থায়ী ও অস্থায়ী সেবা প্রদান করা হবে। প্রতি বছর ২টি সেবা সপ্তাহ পালিত হয়। | সেবা সপ্তাহ সফল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, ১। কৃষক/কৃষাণী প্রশিক্ষণ ১২০ জন পারিবারিক পুষ্টি বাগানের উপর ২। সার ও বালাইনাশক এর মান ঠিক রাখার জন্য নিয়মিত সার ও বালাই নাশক দোকান পরিদর্শন ৩। মাঠে কৃষককে নিবিড় পরামর্শ দেয়া হচ্ছে (চলমান) ৪। চলমান তাপদাহের কারনে সম্ভাব্য ক্ষতি থেকে উত্তোরণের উপায় হিসেবে বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের করনীয় সিদ্ধান্তসমূহ কৃষকদের মাঝে পৌঁছাতে সকল উপসহকারী কৃষি অফিসারগণকে মাঠ পর্যায়ে সচেতনতা মূলক কৃষক সমাবেশ আয়োজনসহ সকল কৃষক গ্রুপে আলোচনা করতে ও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জরুরী নির্দেশনা দেয়া হয়েছে। | মাঠ পর্যায়ে কৃষককে নিবিড় পরামর্শ দেওয়া অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৪ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২৪ ইং মাসে ১টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। উক্ত মোবাইল কোর্ট পরিচালনায় চায়না জুয়ারি ২১টি জাল আটক করা হয় এবং আটককৃত জাল পুড়ানো হয়। যার আনুমানিক দৈর্ঘ্য ১৬৮০ মিটার। ২টি হাট/বাজারে ২টি অভিযান পরিচালনা করা হয়। অফিসে ও মাঠে ২৫ জন মৎস্য চাষে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। অন্যান্য বিভাগীয় কাজ চলমান। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান সেপ্টেম্বর/২৪ খ্রিঃ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৯৯০টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৩৭৯ টি, গাবদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ২৫৭৮টি, হাঁস মুরগীর চিকিৎসা প্রদান সংখ্যা ২২৩৬৭ টি, খামার পরিদর্শন ১২ টি, উঠান বৈঠক আয়োজন সংখ্যা ০৯টি, উঠান বৈঠকে অংশগ্রহণকারীরর সংখ্যা ১৪৫ জন, টিকা বিক্রি বাবদ রাজস্ব আদায় হয়েছে ২১১৯৫ টাকা এবং সিমেন সরবরাহ করে রাজস্ব আদায় হয়েছে ৭৪২৫০ টাকা। ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্পের মাধ্যমে শ্যামপুর ও নয়ানগর ইউনিয়নে বিভিন সংক্রামক রোগের ভ্যাক্সিনেশন প্রোগ্রাম করা হয়েছে এবং পর্যায়ক্রমে সকল ইউনিয়নে ভ্যাক্সিনেশন প্রোগ্রাম চলমান থাকবে।<br>প্রাণিসম্পদ সেক্টরের সেবাকে প্রান্তিক খামারীদের দোরগোড়ায় পৌছিয়ে দেয়ার জন্য মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং প্রোগ্রামসহ ইউনিয়ন পর্যায়ে গঠিত পিজি খামারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদানসহ নানা ধরনের প্রাণিসম্পদ বিষয়ক সেবার গতি পূর্বের তুলনায় বহু গুণে বৃদ্ধি পেয়েছে যার ফলে প্রাণি সম্পদের উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে । | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার। |
| ৬ | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে ইজিপিপি কর্মসূচির আওতায় বাস্তবায়নযোগ্য প্রকল্প তালিকা প্রণয়ন পূর্বক প্রেরণের জন্য নির্দেশনা দিয়েছে। অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক ইউনিয়ন পরিষদ হতে চলতি অর্থবছরে ইজিপিপি কর্মসূচির আওতায় বাস্তবায়নযোগ্য প্রকল্প তালিকা প্রণয়ন পূর্বক রেজুলেশনসহ উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগে দাখিল করার জন্য পত্র দেওয়া হয়। কয়েকটি ইউনিয়ন হতে প্রকল্প তালিকা পাওয়া গেছে। এমতাবস্থায় প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাকী ইউনিয়ন হতে অনতিবিলম্বে প্রকল্প তালিকা দাখিল করার জন্য সম্মানীত ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন।<br>প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে আরও জানান যে, চলতি অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও সংস্কার করার জন্য টিআর/কাবিখা কাবিটা কর্মসূচির আওতায় এখনও বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া গেলে ইউনিয়ন পর্যায়ে বিভাজন দিয়ে ইউপি হতে প্রকল্প তালিকা চাওয়া হবে। এছাড়া অন্যান্য কর্মসূচির আওতায় চলমান উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে। | আলোচনান্তে ইজিপিপি কর্মসূচির আওতায় বাস্তবায়নযোগ্য প্রকল্প ও রেজুলেশন দ্রুত প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, মেলান্দহ কর্তৃক বাস্তবায়িত বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তিসহ মোট ৩৪,২৩২ জন উপকারভোগীর। ২০২৪-২৫ অর্থ বছরের নতুন উপকারভোগীর নির্বাচনের জন্য অনলাইনে আবেদনগ্রহণ এবং জুলাই/২০২৪ খ্রি. থেকে সেপ্টেম্বর/২০২৪ খ্রি. পর্যন্ত ০৩ মাসের পেরোল প্রেরণ শ্রীঘ্রই শুরু হবে মর্মে আশাকরা যাচ্ছে। কিন্তু দাপ্তরিক কোন নির্দেশনা পাওয়া যায়নি। প্রতিদিন সকাল ১০.০০ ঘটিক থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত প্রতিবন্ধী জরিপ কাজ অনুষ্ঠিত হয়। পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এসিড দগ্ধ প্রতিবন্ধী ব্যক্তির পুনর্বাসন কার্যক্রম চলমান আছে। ক্যান্সার, কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত নির্ধারিত ফরমপূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে আবেদনপত্রটি উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা প্রদান করতে হবে। | আলোচনান্তে দপ্তরের সেবামূলক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ৮ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ০১। উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক ৩৫ টি স প্রা বি পরিদর্শন ০২। সকল প্রধান শিক্ষকদের নিয়ে ক্লাস্টার ভিত্তিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয় ০৩। ২য় প্রান্তিক মূল্যায়নের জন্য প্রস্তুতি গ্রহণ ০৪। প্রতিটি বিদ্যালয়ে এডহক কমিটি গঠনের কাজ চলমান ০৫। বিদ্যালয়ের সকল প্রকার উন্নয়ন মূলক কাজের তদারকি করা হয়। | বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা |
| ৯ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ১। ২০২৩-২৪ চক্রের ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) জুলাই/২০২৪ ইং মাসে হতে সেপ্টেম্বর/২০২৪ পর্যন্ত ১১টি ইউনিয়নের ডিও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসে ছাড় করা হয়েছে ২। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের সেপ্টেম্বর/২০২৪ হতে কোন বরাদ্দ পাওয়া যায়নি বিধায় কার্যক্রম আপাততঃ বন্ধ আছে। দপ্তরের অন্যান্য কার্যাবলী স্বাভাবিক ভাবে চলছে। | চলমান কাজগুলো অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ঋণ আদায়, ঋণ বিতরণ চলমান রয়েছে। উপজেলা পরিষদ চত্বরে ভ্রাম্যমান গাড়ীর মধ্যে কম্পিউটার প্রশিক্ষণ চলছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১১ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ১) উপজেলা পিআইও অফিসের গোডাউন নির্মাণ কাজটি ডিজাইন পরিবর্তন হওয়ায় অনেক কাজ বৃদ্ধি করা প্রয়োজন। উভয় প্রাক্কলনের Compare Study এর মাধ্যমে যাচাইপূর্বক অনুমোদন করা হবে।<br>২) মেলান্দহ বাজার-মহিষবাথান (শাহিন বাজার) পথচারীদের চলাচলের সাময়িক অসুবিধা দূর করার জন্য ধসে যাওয়ার স্থানে জরুরী ভিত্তিতে রাস্তায় ৪০৮০-৪১০০ মিটার চেইনেজে ৩.২ মিটার অস্থায়ী কাঠের সাঁকোর অবশিষ্টাংশ তৈরি করা প্রয়োজন।<br>৩) মাহমুদপুর ইউনিয়ন পরিষদ জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।<br>৪) কম্পিউটার ও অন্যান্য সামগ্রী সরবরাহ করা প্রয়োজন। | ১) আলোচনান্তে, উপজেলা উন্নয়ন তহবিল হতে অতিরিক্ত ৮১০০০০/- এর মধ্যে সীমাবদ্ধ রেখে উভয় প্রাক্কলনের Compare Study এর মাধ্যমে যাচাইপূর্বক বিধি মোতাবেক পিআইও অফিসের গোডাউনের অবশিষ্ট কাজ সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) উপজেলা উন্নয়ন তহবিল হতে ৯০০০০/- এর মধ্যে সীমাবদ্ধ রেখে বিধি মোতাবেক কাঠের সাঁকো তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) মাহমুদপুর ইউনিয়ন পরিষদ মেরামত বাবদ ২০০০০০/- উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়<br>৪) কম্পিউটার ও অন্যান্য সামগ্রী সরবরাহ বাবদ ২০০০০০/- উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকৌশলী |
| ১২ | জনস্বাস্থ্য | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২৫০০ ল্যাট্রিন এর কাজ চলমান রয়েছে। সমগ্র দেশে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১০ বাড়ির জন্য ১টি করে মোট ৪৭টি সাবমার্সিবল পাম্প ও ওভারহেড ট্যাংক যুক্ত পানির উৎসের স্থাপনের কাজ চলমান। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৩ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, মেলান্দহ উপজেলায় সমবায় বিভাগীয় বিভিন্ন ক্যাটাগরীর ১৮২ টি সমবায় সমিতি রয়েছে। ২০২৩-২০২৪ সালের অডিট কার্য ০১/০৭/২০২৪ খ্রি. তারিখ হতে শুরু করা হয়েছে। অত্র উপজেলায় ০১ টি আশ্রয়ণ প্রকল্প ও ০২ টি আশ্রয়ণ প্রকল্প ফেইজ-০২ রয়েছে এবং অত্র উপজেলায় ১৩ (তের) টি আশ্রয়ণ-০২ প্রকল্প সমবায় সমিতি লি: নিবন্ধন করা হয়েছে। সমবায় অধিদপ্তরের আওতাধীন সিভিডিপি প্রকল্পে অত্র উপজেলায় ৬০ টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতিতে ৬০ জন গ্রামকর্মী কাজ করছেন। দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প, মেলান্দহ, জামালপুর এ ০১ নং দুরমুঠ ইউনিয়নের কলাবাধা গ্রাম ও ০৮ নং ফুলকোচা ইউনিয়নের ফুলকোচা গ্রাম নির্বাচন করে দুই এলাকায় ০২ (দুই) টি সমিতি নিবন্ধন করত: ০২ (দুই) টি সমিতির মোট ৫০+৫০ = ১০০ জন কে দুইটি করে বকনা গরু ক্রয়ের জন্য ১,৬০,০০০/- টাকা করে মোট ১,৬০,০০,০০০/- টাকা প্রদান করা হয়েছে। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, মেলান্দহ উপজেলায় ০৮ (আট)টি প্রকল্প চলমান রয়েছে এসব প্রকল্প হতে প্রদানকৃত ঋন আদায় করা সম্ভব হচ্ছে না। ঋন আদায় করার জন্য ইউপি জনপ্রতিনিধি সহযোগিতা প্রত্যাশা করেন। | প্রদানকৃত ঋণ আদায়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | বন বিভাগ | উপজেলা ফরেস্টার সভায় জানান যে, ১। চলতি মাসের ৪ তারিখে সরকার ঘোষিত বিশ্ব জলবায়ুর বিরুপ প্রভাব মোকাবিলায় বিনামুল্যে বিবিধ প্রজাতির ২৫০০ ( দুই হাজার পাচশত)টি গাছের চারা উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট হস্তান্তর করা হয়। তিনি এই গাছগুলো স্থানীয় জনপ্রতিনিধি, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও স্কাউটদের মাঝে বিতরণ করেন ২। মেলান্দহ উপজেলায় সামাজিক বনায়নের নার্সারী কেন্দ্রের জন্য প্রতি বছর নার্সারী কার্যক্রম চালানোর জন্য ও গাছের চারা উৎপাদনের জন্য উপজেলা পরিষদের বাউন্ডারীর মধ্যে রৌদ্র পড়ে এমন ২০ শতাংশ জায়গা প্রদানের জন্য অনুরোধ করেন। | নার্সারীতে চারা উৎপাদন ও বিতরণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফরেস্টার |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ০১। সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ-দ্বাদশ শ্রেণির শিক্ষর্থীদের উপবৃত্তির ভুল হিসাব নম্বর/ ব্যাককৃত শিক্ষার্থীদের সংশোধন কার্যক্রম চলমান রয়েছে ০২। এনটিআরসিএ কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক চাহিদার জন্য ই-রেজিস্ট্রেশন হাল-নাগাদ কার্যক্রম চলমান রয়েছে ০৩। ব্যানবেইস শিক্ষা জরিপ/২০২৪ কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষা প্রতিষ্ঠানে নির্দেশনা দেওয়া হয়েছে ০৪। দাপ্তরিক ও অন্যান্য কাজ-কর্ম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মহিলা বিষয়ক অফিস হতে অক্টোবর/২০২৪ মাসের বরাদ্দ পাওয়া গেছে। সেপ্টেম্বর/২০২৪ মাসে খাদ্যবান্ধব কর্মসূচিতে ২১৬৪১ জন সুবিধাভোগীর কাছে সরকারি ব্যয়ে পুষ্টি চাল বিতরণ কার্যক্রমের অধীনে সাধারণ চাল ৬৪৯.২৩০ মে.টন ও কার্নেল ৬.৪৯২ মে.টন সর্বমোট ৬৫৫.৭২২ মে.টন পুষ্টিচাল বিতরণ কার্যক্রম চলমান। ৬ জন ওএমএস ডিলার ও ১জন খাদ্যবান্ধব ডিলার মোট ০৭ (সাত) জন ডিলারের মাধ্যমে মেলান্দহ উপজেলায় ২১ জন টিসিবি ডিলারের মাধ্যমে ওএমএস-এর চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে সময়ে সময়ে ওএমএস ডিলারগণের মাধ্যমে চাল ও আটা সাধারণ ভোক্তার মধ্যে সরকারি নির্ধারিত মূল্যে বিক্রি করা হয়। ফুডগ্রেইন লাইসেন্স ও মজুদ বিরোধী অভিযান অব্যাহত রয়েছে। [illegible] সার্ভিস প্রতি মাসে ১১/২৮ টাকা কেজি দরে চাল ও ৯/২০ টাকা কেজি দরে গম উত্তোলণ করেন। সরকার কর্তৃক বোরো সংগ্রহ অভিযান/২৪ বোরো সিদ্ধ চাল ৪৫/- টাকা কেজি, আতপ ৪৪/- টাকা কেজি, ধান ৩২/ টাকা কেজি ও গম ৩৪/- টাকা কেজি। | ফুডগ্রেইন লাইসেন্স ও মজুদ বিরোধী অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৮ | ইউজিডিপি | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, সরকারি নিদের্শনা অনুযায়ী উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি পরিবর্তে প্রশাসক কর্তৃক নিদের্শনা মোতাবেক ইউজিডিপি এর কাজ চলমান রাখার আদেশ পাওয়া গেছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| ১৯ | পল্লী বিদ্যুৎ সমিতি | উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি ডিজিএম সভায় জানান যে, বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২০ | বিবিধ | ১) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্বরে পানির পাম্প মেরামত করা বাবদ উপজেলা রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ট) নং অনুচ্ছেদ মোতাবেক ২৫০০০ (পচিশ হাজার) টাকা এবং উপজেলা প্রশাসক এর অফিস কক্ষের আসবাবপত্র মেরামত বাবদ ৩(ছ) অনুযায়ী ২৫০০০/- (পচিশ) হাজার টাকা, উপজেলা পরিষদ বাউন্ডারির ভিতর ফরমালিন, ক্ষতিকর রাসায়নিক দ্রব্য সনাক্তকরণ কিট ক্রয় বাবদ ৩(ন) অনুচ্ছেদ মোতাবেক ২৫০০০ (পচিশ হাজার) টাকা, সৌর বিদ্যুৎ প্যানেল মেরামত বাবদ ৩(দ) অনুচ্ছেদ মোতাবেক ১০০০০ (দশ হাজার) টাকা, মশা নিধন বাবদ ৩(ফ) অনুচ্ছেদ মোতাবেক ১০০০০ (দশ হাজার) টাকা, প্রকাশনা ব্যয় বাবদ ৩(ব) অনুযায়ী ২৫০০০ (পচিশ হাজার) টাকা এবং উপজেলা পরিষদ চত্বরের অভ্যন্তরে বর্জ্য ব্যবস্থাপনার জন্য ৩(ভ) অনুযায়ী ২৫০০০ (পচিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল ব্যয় করা প্রয়োজন।<br>২) তিনি সভায় আরো জানান উপজেলা শিল্পকলা একাডেমির গ্যালারীর নিচে উত্তরণ সংঘের অফিস কক্ষের বরাদ্দ শিল্পকলা একাডেমির প্রয়োজনে বাতিল করা প্রয়োজন। | আলোচনান্তে, বিধি মোতাবেক ব্যয় করার এবং উত্তরণ সংঘের অফিস কক্ষের বরাদ্দ বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/০৯/২৪

প্রশাসক
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

স্মারক নং :উপকা.মেলা.২০২৪.২৬

তারিখ : ৩০.০৯.২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৫। ........................................ সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৬। অফিস কপি।

৩০/০৯/২৪

(এস.এম. আলমগীর)
উপজেলা নির্বাহী অফিসার
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

## সেপ্টেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | এস.এম আলমগীর প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০<br>unomelandah@gmail.com | |
| ০২ | ডা: গাজী মোহাম্মদ রফিকুল হক<br>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | ০১৭০১-২৪৮৬০২ | |
| ০৩ | ~~ডা. চিন্ময় নন্দী~~ মেহেদী হাসান<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | 01676-186694 | Pankaj |
| ০৪ | মো: আব্দুল্লাহ আল ফয়াসাল<br>উপজেলা কৃষি অফিসার | | |
| ০৫ | ~~মো: মাহমুদুর রহমান~~ [illegible]<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | 01762-665844 | |
| ০৬ | ডা: মো: আতিকুর রহমান<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | ০১৭৩৩০২৫৩৫১৭<br>ulomelandahjamalpur@gmail.com | |
| ০৭ | মো: আ: রাজ্জাক<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 01721330075<br>pio.razzaque@yahoo.com | |
| ০৮ | মো: আরিফুর রহমান<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা | 01679540108<br>usso.melandah@gmail.com | |
| ০৯ | মোহাম্মদ আলী চকদার<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা | 01712-29 32 28<br>ueomelandah@gmail.com | |
| ১০ | জান্নাতুন নাহার<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ০১৭২১৭৯০৯৯৪৬ | |
| ১১ | মোস্তাফিজুর রহমান<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01715-301977<br>dyd.melandah@gmail.com | |
| ১২ | শুভাশীষ রায়<br>উপজেলা প্রকৌশলী | ~~[illegible]~~ 01708161920<br>ue.melendah@lged.gov.bd. | |
| ১৩ | মো: জাকির হোসেন<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 01818-822648 | |
| ১৪ | মো: হাবিবুলাহ<br>উপজেলা সমবায় কর্মকর্তা | 01710857139 | |
| ১৫ | শবনম মুস্তারী<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01917-872355<br>smustary01@gmail.com | ৩০.০৯.২৪ |
| ১৬ | মো: রাশেদ ইবনে সিরাজ<br>উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | 01828-104926 | R Siraj<br>30.9.24 |
| ১৭ | মোহাম্মদ আজাদুর রহমান ভূঁইয়া<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | 01717.189658<br>useo_melandah@yahoo.com | ৩০.৯.২৪ |
| ১৮ | সোহানা বিলকিস<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | 01710880702<br>bilkisahmed463@gmail.com | ৩০/৯/২৪ |
| ১৯ | মো: রায়হান কবির<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | raihan.ugap@gmail.com<br>01719-431435 | |

## সেপ্টেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | প্রশাসক মেলান্দহ পৌরসভা, জামালপুর | ০১৭০৯-৯৭০০০১ | |
| ২. | প্রশাসক হাজরাবাড়ী পৌরসভা, জামালপুর | ০১৭০৯৯৭০১৭১ | |
| ৩. | সৈয়দ খালেকুজ্জামান জুবেরী<br>চেয়ারম্যান ১নং দুরমুঠ ইউনিয়ন পরিষদ | | |
| ৪. | মো: আ: ছালাম<br>চেয়ারম্যান ২নং কুলিয়া ইউনিয়ন পরিষদ | ০১৭৫৬৮০৮২৫ | |
| ৫. | মোহাম্মদ আলী জিন্নাহ<br>চেয়ারম্যান ৩নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদ | | |
| ৬. | আলহাজ্ব কিশমত পাশা<br>চেয়ারম্যান ৪নং নাংলা ইউনিয়ন পরিষদ | | |
| ৭. | মো: শফিউল আলম<br>চেয়ারম্যান ৫নং নয়ানগর ইউনিয়ন পরিষদ | 01719-815496 | |
| ৮. | মো: রফিকুল ইসলাম<br>চেয়ারম্যান ৬নং আদ্রা ইউনিয়ন পরিষদ | | |
| ৯. | মো: শাহাদৎ হোসেন<br>চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া ইউনিয়ন পরিষদ | 01715995985 | |
| ১০. | মো: মামুনুর রশিদ<br>চেয়ারম্যান ৮নং ফুলকোচা ইউনিয়ন পরিষদ | 01716287050 | |
| ১১. | মো: সাইদুল ইসলাম লিটু<br>চেয়ারম্যান ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন পরিষদ | 01711548178 | |
| ১২. | মোছা: আঞ্জুমনোয়ারা হেনা<br>চেয়ারম্যান ১০নং ঝাউগড়া ইউনিয়ন পরিষদ | 01731683652 | |
| ১৩. | এস.এম সায়েদুর রহমান<br>চেয়ারম্যান ১১নং শ্যামপুর ইউনিয়ন পরিষদ | 01712-391939 | |

উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২৪.২২ তারিখ: ২৪.০৯.২০২৪

নোটিশ

আগামী ৩০.০৯.২০২৪ তারিখ, রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা প্রশাসক এর অফিস কক্ষে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব এস.এম. আলমগীর প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ৩০.০৯.২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২৯.০৯.২৪ তারিখের মধ্যে ই-মেইলে (uzchairmanmelandah@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৪/০৯/২৪
(প্রশাসক)
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

...........................................................
.......................................... সম্মানীত সদস্য
উপজেলা পরিষদ মাসিক সভা, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২৪.২২ তারিখঃ ২৪.০৯.২০২৪
অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।

২৪/০৯/২৪
উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।